



## নিয়োগ বিজ্ঞপ্তি

ঢাকা বিশ্ববিদ্যালয়ঃ- বিধি মোতাবেক প্রদেয় ভাতাদিসহ ঢাকা বিশ্ববিদ্যালয়ের হিসাব পরিচালকের অফিসের শূন্য পদগুলির নামের পার্শ্বে উল্লেখিত বেতন স্কেল, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার ভিত্তিতে লোক নিয়োগের জন্য আগ্রহী বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে দরখাস্ত আহ্বান করা যাইতেছে :-

| পদের নাম ও বেতন স্কেল  | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা  |
|--|-----------|--|
| জুনিয়র হিসাব সহকারি<br>টাঃ ৯৩০০-২২৪৯০/- বেতন স্কেলে (জাতীয়<br>বেতন স্কেল-২০১৫) | ০২(দুই)টি | প্রার্থীকে বাণিজ্যে ন্যূনতম স্নাতক পাশ হইতে হইবে। শিক্ষাজীবনের কোন পর্যায়ে ৩য় বিভাগ/শ্রেণি/সমমানের জিপিএ/ সি.জি.পি.এ. গ্রহণযোগ্য নয়। প্রার্থীর কম্পিউটার অপারেটিং-এ প্রশিক্ষণ আবশ্যিক।                |
| হিসাব রক্ষক<br>টাঃ ১১৩০০-২৭৩০০/- বেতন স্কেলে<br>(জাতীয় বেতন স্কেল-২০১৫)         | ০১(এক)টি  | প্রার্থীকে বাণিজ্যে স্নাতক (সম্মান)সহ স্নাতকোত্তর পাশ হইতে হইবে। শিক্ষাজীবনের কোন পর্যায়ে ৩য় বিভাগ/শ্রেণি/সমমানের জিপিএ/ সি.জি.পি.এ. গ্রহণযোগ্য নয়। প্রার্থীর কম্পিউটার অপারেটিং-এ প্রশিক্ষণ আবশ্যিক। |

আবেদনকারীকে অবশ্যই আবেদনপত্রে তাহার শিক্ষাগত যোগ্যতার সকল সার্টিফিকেট ও ডিগ্রি উল্লেখ করিতে হইবে। এইরূপ কোন তথ্য গোপন করিলে বা উল্লেখ না করিলে ভবিষ্যতে তাহার পরীক্ষা পাশের সার্টিফিকেট নথিতে সংযুক্ত করা হইবে না এবং বিধি অনুযায়ী প্রশাসনিক ব্যবস্থা নেওয়া হইবে। এছাড়াও পদোন্নতি নীতিমালায় বর্ণিত পয়েন্ট সুবিধা প্রদান করা হইবে না।

রেজিস্ট্রারের অনুকূলে প্রদেয় ৩০০/- (তিনশত) টাকা মূল্যমানের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (পোস্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়) এবং সাদা কাগজে পূর্ণ তথ্যাদি উল্লেখপূর্বক সার্টিফিকেট, প্রশংসাপত্রের সত্যায়িত অনুলিপিসহ রেজিস্ট্রারের বরাবরে লিখিত দরখাস্ত আগামী ১৭-০৯-২০২০খ্রিস্টাব্দ / ০২-০৬-১৪২৭বঙ্গাব্দ তারিখের মধ্যে হিসাব পরিচালকের অফিসে পৌঁছাতে হইবে।

ঢাকুরীরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত দাখিল করিতে হইবে।